



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিজুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

বিজ্ঞপ্তি নং: ৪২/২০২৬

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩
১৩ মে ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংক 'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (আইটি)' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. গ্রেড এবং বেতন স্কেল : ক. ১৬তম গ্রেড
খ. জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।
২. পদ সংখ্যা : ২৬টি (কম/বেশী হতে পারে)
৩. শিক্ষাগত যোগ্যতা : ক. স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি পাস।
খ. কম্পিউটার/তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কমপক্ষে ০৬ মাস মেয়াদী ডিপ্লোমা/ড্রিড কোর্স/শর্ট কোর্স (কম্পিউটার বিজ্ঞান /তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিদারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)।
৪. বয়স (০১/০১/২০২৬ তারিখে) :
ক. সকল প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২১ হতে ৩২ বছর।
খ. প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
৫. আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : ২১/০৬/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।
৬. ফি প্রদান ও Payment Verification এর শেষ তারিখ ও সময় : ২৪/০৬/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।
৭. আবেদন ফি: অফেরতযোগ্য টাঃ ২০০/- আবেদনের সময় Bangla QR এর মাধ্যমে প্রদান করতে হবে।
৮. (ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

৫.০০ পয়েন্ট স্কেলে	সমতুল্য শ্রেণি/বিভাগ
জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম শ্রেণি/বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় শ্রেণি/বিভাগ
জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় শ্রেণি/বিভাগ

- (খ) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম শ্রেণি/বিভাগ
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণি/বিভাগ
১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম	তৃতীয় শ্রেণি/বিভাগ

- (গ) O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় /বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

